



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২১. ৬৭ -বিশেষ

তারিখ: ১৬/০৯/২০২৩ খ্রি.

বিষয়: বিশ্ব জলাতঙ্ক দিবস পালন প্রসঙ্গে।

সূত্র: স্বা: অধি:/রো:নি:/জুনোটিক ডিজিজ/জলাতঙ্ক দিবস/২০২৩/২১৩৪, তারিখ: ০৩/০৯/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০৩০ সালের মধ্যে জলাতঙ্ক মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখা, সিডিসি অপারেশনাল প্ল্যানের জুনোটিক ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম দেশব্যাপী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তরের মতে, জলাতঙ্ক একটি ভয়ংকর মরণব্যাদি, এ রোগে মৃত্যুর হার শতভাগ। পৃথিবীতে প্রতি বছরে প্রায় ৫৯ হাজার মানুষ জলাতঙ্ক রোগে মারা যায়। বাংলাদেশে প্রতি বছর প্রায় ৪ থেকে ৫ লাখ মানুষ কুকুর, বিড়াল, শিয়ালের কামড় বা ঝাঁচড়ের শিকার হয়ে থাকে, যাদের মধ্যে বেশির ভাগই শিশু। মরণব্যাদি জলাতঙ্ক রোগের ভয়াবহতা উপলব্ধি, জনসচেতনতা বৃদ্ধি এবং প্রতিরোধ ও নির্মূলের লক্ষ্যে ২০০৭ সাল থেকে ২৮ সেপ্টেম্বর বিশ্ব জলাতঙ্ক দিবস পালিত হয়ে আসছে। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় 'Rabies: ALL FOR 1, ONE HEALTH FOR ALL' যার বাংলা ভাবানুবাদ 'জলাতঙ্কের অবসান, সকলে মিলে সমাধান'। উক্ত প্রতিপাদ্যকে সামনে রেখে বাংলাদেশ সরকার আন্তর্জাতিক ও দেশীয় সংগঠনের সাথে সমন্বয়ের মাধ্যমে দিবসটি জাতীয় ও স্থানীয় পর্যায়ে পালনের জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে রোগটি নির্মূলের লক্ষ্যে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। এই জনসচেতনতামূলক কার্যক্রমে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ের সকল মাধ্যমিক বিদ্যালয়ে জলাতঙ্ক নির্মূলে করণীয় শীর্ষক আলোচনাসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখ দেশের সকল মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ের প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষে জলাতঙ্ক রোগ সম্পর্কিত তথ্য শিক্ষার্থীদের মাঝে উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উক্ত কার্যক্রম সফলভাবে আয়োজনের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্র।

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন নং- ০২-৪১০৫০২৮৫

জেলা শিক্ষা অফিসার

জেলা (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখারী, ঢাকা।
০২. পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা,।
(মাধ্যমিক পর্যায়ের সকল স্কুল ও স্কুল এন্ড কলেজ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজবাড়ী।
ই-মেইল : deorajbari@yahoo.com

স্মারক নং- জেশিঅ/রাজ/ ২৫৪/১৬

তারিখ : ১৯/০৯/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজবাড়ী। সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সংরক্ষণ নথি।

১৯/০৯/২০২৩

(মো: হাবিবুর রহমান)

জেলা শিক্ষা অফিসার

রাজবাড়ী